

মহা উৎসাহ উদ্দীপনার মধ্য দিয়ে সম্পন্ন হলো জাহাঙ্গীর নগর পৃণর্মিলনী ২০১৪



নিজস্ব সংবাদ দাতা: সিডনিতে গত ২৩শে নভেম্বর ২০১৪ রোববার মহা উৎসাহ উদ্দীপনার মধ্য দিয়ে সম্পন্ন হলো জাহাঙ্গীর নগর বিশ্ববিদ্যালয় প্রাক্তন শিক্ষার্থীদের “পৃণর্মিলনী ২০১৪”। সারাদিন ব্যাপী অনুষ্ঠানটি অস্ট্রেলিয়ার বিভিন্ন প্রান্ত থেকে আসা বিশ্ববিদ্যালয়ের ১ম ব্যাচ থেকে ৩৯তম ব্যাচের শিক্ষার্থীদের অংশগ্রহনে আনন্দমুখৰ হয়ে উঠেছিলো।

অনুষ্ঠানটি মূলত: দুই পর্বে বিভক্ত ছিলো। সকাল এগারোটায় অংশগ্রহনকারীদের নিবন্ধন করার পর সকালের নাস্তা দিয়ে আপ্যায়ন করা হয়। কোরআন তেলওয়াতের মধ্যে দিয়ে প্রথম পর্ব শুরু হয়। এই পর্বে উপস্থিত শিক্ষার্থীদের ব্যাচ অনুযায়ী পর্যায়ক্রমে মধ্যে আহ্বান জানানো হলে সবাই নিজেদের পরিচয় প্রদান করে বিশ্ববিদ্যালয়ের শিক্ষাকালীন সময়ে স্মৃতিচারণ করলে অনুষ্ঠানটি জয়জয়মাট হয়ে উঠে। বিশ্ববিদ্যালয়ের প্রথম ব্যাচের ছাত্র ইমদাদুল হকের মাধ্যমে স্মৃতিচারণ পর্ব শুরু হয়।

নামাজ ও দুপুরের খাবারের বিরতীর পর উপস্থিত প্রাক্তন শিক্ষার্থী ও তাদের সন্তানদের অংশগ্রহনে মনোমুন্ধকর সাংস্কৃতিক অনুষ্ঠানের মধ্য দিয়ে দ্বিতীয় পর্ব শুরু হয়। সাংস্কৃতিক অনুষ্ঠানের সার্বিক দায়িত্বে ছিলেন ফাহিমা নাসরিন লিপি ও সহযোগিতায় ছিলেন মোহাম্মদ সালাউদ্দিন শিপলু। অনুষ্ঠানে ঘারা গান পরিবেশন করেন তাদের মধ্যে ফাহিমা নাসরিন লিপি, অতিথি সুজন, শিপলু, লামিয়া আহমেদ, রাসেল কাস্তা ও লিটো অন্যতম। কবিতা আবৃত্তি করেন শাহীন শাহনেওয়াজ।

অনুষ্ঠানে আগত সকল শিশু কিশোরদের শুভেচ্ছা উপহার প্রদান করা হয়। শিশুকিশোরদের জন্যে বাহিরে খেলাধূলার প্রতিযোগিতার আয়োজন করা হয়ে থাকলেও অতিরিক্ত তাপমাত্রার কারণে তা বাতিল করা হয়। র্যাফেল ড্র ও কেক কাটার মধ্যে দিয়ে অনুষ্ঠানের সমাপ্তি ঘোষনা করেন অষ্টম ব্যাচ বাংলার খালেদা কায়সার মিনি। বাংলাদেশ থেকে আগত ১৪তম ব্যাচের ওয়াহিদুল হাসান পিয়ালকে অনুষ্ঠানে উপস্থিত হবার জন্যে ধন্যবাদ জানানো হয়। সম্পূর্ণ অনুষ্ঠানটি পরিচালনার দায়িত্বে ছিলেন ১৩তম ব্যাচের মাহফুজুল হক চৌধুরী খসরু ও ২৩তম ব্যাচের রাজন নন্দী। র্যাফেল ড্র পরিচালনা করেন ২৩তম ব্যাচের সাবিনা ইয়াসমিন বেবি ও ১৯তম ব্যাচের তাহমিনা রহমান বিনা। উপস্থিত জুনিয়ার শিক্ষার্থীরা ৮ম ব্যাচের খালেদা কায়সার মিনি ও ১৩তম ব্যাচের মাহফুজুল হক চৌধুরী খসরুকে সম্মানসূচক উপহার প্রদান করে ধন্যবাদ জ্ঞাপন করে। ক্যানবেরা থেকে আগত সাইফুল ইসলাম সোহেল, আনজুম ইসলাম ও ১৫তম ব্যাচের শামীম আহমেদ রানাকে বিশেষ ধন্যবাদ জানানো হয়।

“পৃণর্মিলনী ২০১৪” আয়োজনে সার্বিক দায়িত্বে ছিলেন ৮ম ব্যাচের খালেদা কায়সার মিনি, ১৩তম ব্যাচের মাহফুজুল হক চৌধুরী খসরু, ২০তম ব্যাচের শাওকত আরা হোসেন বিথী, ১৯তম তাহমিনা রহমান বিনা, ২৩তম ব্যাচের সাজাদুল হক, ২৯তম ব্যাচের মোহাম্মদ সালাউদ্দিন শিপলু ও ১৫তম সুরাইয়া মাহমুদ রুমানা, ১৫তম ব্যাচের সাইফ সিকান্দার রাফেল, ১৩তম ব্যাচের নিয়ামুল হক শরীফ, ২৪তম ব্যাচের নিয়াজ ইমতিয়াজ ও ২৪তম ব্যাচের কে.এম.শরিফুল বাসেত।

